**Office of the Public Relations**
Jatiya Kabi Kazi Nazrul Islam University
Trishal, Mymensingh-2224
Phone: 02-996676411
e-mail: prjkkniu@gmail.com
Web: www.jkkniu.edu.bd

ত্রিশাল,ময়মনসিংহ

**জনসংযোগ দপ্তর**
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪
ফোন: ০২-৯৯৬৬৭৬৪১১
ই-মেইল: prjkkniu@gmail.com
ওয়েবসাইট: www.jkkniu.edu.bd

তারিখ: ০১.০২.২০২৬ ইং

# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের গত মাসে গৃহীত বিভিন্ন কর্মসূচির অংশবিশেষ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, শিক্ষার সুষ্ঠু পরিবেশ, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীসহ সকলের নিরাপত্তা নিশ্চিত করা, শিক্ষার্থীদের জীবনমান উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি, অবকাঠামোগত উন্নয়ন, ডিজিটালাইজেশন, সাংস্কৃতিক কর্মকাণ্ড, খেলাধুলা, আন্তর্জাতিক র‍্যাঙ্কিং এ এই বিশ্ববিদ্যায়কে আরও এগিয়ে নেওয়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন গত একমাসে অর্থাৎ জানুয়ারি ২০২৬ এ বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করেছেন। বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচিগুলোর মধ্যে গুরুত্বপূর্ণ বিষয়াবলী পরিবেশিত হলো:

০১. ০৪.০১.২০২৬: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক প্রধানমন্ত্রী, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারপারসন আপোষহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ০৪ জানুয়ারি ২০২৬ তারিখ রবিবার বাদ যোহর অনুষ্ঠিত দোয়া মাহফিলে প্রধান অথিথি হিসেবে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য **প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম**। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাদা দলের উদ্যোগে এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

০২. ০৭.০১.২০২৬: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক কলা অনুষদের মানববিদ্যা গবেষণাপত্রের নবম সংখ্যা প্রকাশিত হয়েছে। বুধবার (৭ জানুয়ারি) বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কার্যালয়ে গবেষণাপত্রের মোড়ক উন্মোচন করেন মাননীয় উপাচার্য **প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম**। এই সংখ্যার সম্পাদক কলা অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইমদাদুল হুদা ও নির্বাহী সম্পাদক বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের প্রফেসর ড. মো. হাবিব-উল-মাওলা (মাওলা প্রিন্স)।

০৩. ২৭.০১.২০২৬: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় ও দপ্তর প্রধানগণের অংশগ্রহণে 'Managing Job Stress and Burnout' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। ২৭ জানুয়ারি ২০২৬ তারিখ মঙ্গলবার সকালে পুরনো প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের জরুরি কাজে ক্যাম্পাসের বাইরে অবস্থান করায় **মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম** প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত থেকে প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন ঘোষণা করেন।

০৪. ২৭.০১.২০২৬: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আন্তঃ বিভাগ (ছাত্র) এবং আন্তঃ অনুষদ (ছাত্রী) ভলিবল প্রতিযোগিতা- ২০২৬ শুরু হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষণা করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জয়নুল আবেদীন সিদ্দিকী। ২৭ জানুয়ারি ২০২৬ তারিখ মঙ্গলবার বেলা ১১:০০ ঘটিকায় নতুন প্রশাসনিক ভবন সংলগ্ন ছোট খেলার মাঠে এই প্রতিযোগিতার উদ্বোধনীপর্ব অনুষ্ঠিত হয়।

০৫. ২৮.০১.২০২৬: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ২৫টি বিভাগের শিক্ষার্থী প্রতিনিধিদের অংশগ্রহণে 'Peer-to-Peer Suicide Prevention' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। ২৮ জানুয়ারি ২০২৬ তারিখ বুধবার সকালে পুরনো প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের **মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম** প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন ঘোষণা করেন।

অনুগ্রহপূর্বক অপর পৃষ্ঠায় দেখুন-

**Office of the Public Relations**
Jatiya Kabi Kazi Nazrul Islam University
Trishal, Mymensingh-2224
Phone: 02-996676411
e-mail: prjkkniu@gmail.com
Web: www.jkkniu.edu.bd

**জনসংযোগ দপ্তর**
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪
ফোন: ০২-৯৯৬৬৭৬৪১১
ই-মেইল: prjkkniu@gmail.com
ওয়েবসাইট: www.jkkniu.edu.bd

০৬. ২৮.০১.২০২৬: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত শিক্ষক-কর্মকর্তা কোয়ার্টার ভবন 'পুবের হাওয়া' এর শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের **মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম**। ২৮ জানুয়ারি ২০২৬ তারিখ বুধবার বেলা ১১:৩০ ঘটিকায় ভবনটির উদ্বোধন করা হয়।

০৭. ২৯.০১.২০২৬: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে 'The Art of Learning, Teaching, and Research' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৯ জানুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকায় পুরনো প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে এই সেমিনার শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের **মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম** সম্মানিত অতিথি এবং এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (এআইটি)-এর ইমেরিটাস প্রফেসর ড. এটিএম নুরুল আমিন প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন।

০৮. ৩১.০১.২০২৬: সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা সংক্রান্ত মতবিনিময় সভা ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ( বাকৃবি)-এর সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন ভবনে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ৩১ জানুয়ারি ২০২৬ তারিখ শনিবার বেলা ১১:০০ ঘটিকায় এই সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য গঠন) (উপদেষ্টা পদমর্যাদা) জনাব মনির হায়দার। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. মাসুমা হাবিবের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য **প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম** ও জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ রোকনুজ্জামান ।

০১.০২.২০২৬

(এস এম হাফিজুর রহমান)
অতিরিক্ত পরিচালক
জনসংযোগ দপ্তর
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ- ২২২৪